

সুখবর, একাদশে বাড়লো রেজিস্ট্রেশনের সময়

অনলাইন ডেক্স

প্রকাশিত: ১২:০৭, ১২ নভেম্বর ২০২৩; আপডেট: ১২:০৮, ১২ নভেম্বর ২০২৩



শিক্ষার্থী

রেজিস্ট্রেশনের সময় বাড়ানো হয়েছে একাদশ শ্রেণিতে ভর্তি হওয়া নতুন শিক্ষার্থীদের জন্য।
আগামী ২০ নভেম্বর বিকেল ৫টা পর্যন্ত শিক্ষার্থীরা রেজিস্ট্রেশন করতে পারবেন।

UNIBOTS

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার স্বাক্ষরিক এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে ২০ নভেম্বর বিকেল পাঁচটার মধ্যে রেজিস্ট্রেশনের সব কাজ শেষ করতে কলেজগুলোকে বলা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে রেজিস্ট্রেশন করতে না পারলে পরবর্তী জটিলতার জন্য বোর্ড দায়ী থাকবে না।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, কলেজে ভর্তির নির্ধারিত ওয়েবসাইট (<http://xiclassadmission.gov.bd/>) কলেজ লগইন প্যানেলে চুক্তি শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন এ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। ইআইআইএন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে প্যানেলে লগইন করতে হবে।

অনলাইনে আবেদন ও ভর্তি শেষে গত ৮ অক্টোবর থেকে চলতি শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ক্লাস শুরু হয়। এ বছর প্রায় ১৩ লাখ শিক্ষার্থী একাদশ শ্রেণিতে ভর্তি হয়েছে।